দৈনিক ইত্তেফাক

MAY 03 2002

তারিখ ... পৃষ্ঠা ৯ কলাম ৬

## শিক্ষানুরাগী সদস্য মনোনয়ন প্রসঙ্গে

হাই স্কুল ম্যানেজিং কমিটিতে এলাকার শিক্ষানুরাগী সদস্য হিসেবে একজনকে নেয়া হয়। হেডমাষ্টার একাধিক ( ৩ বা ৫) ব্যক্তির তালিকা পাঠান। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা তালিকা থেকে একজনকে অনুমোদন দেন। সাধারণত তালিকার ১ নম্বর ক্রমিকধারীকে বিশেষ ক্ষেত্রে অন্য কাউকে অনুমোদন দেয়া হয়। প্রকৃতপক্ষে শিক্ষানুরাগী সদস্য মনোনয়নে আদৌ সুস্পষ্ট কোন নীতিমালা আছে কিনা তা জানা যায়নি। হেডমাষ্টার তালিকা প্রেরণ করেন তার পছন্দের মানুষদের ভেতর থেকে। স্বাভাবিকভাবেই শিক্ষানুরাগী সদস্য অধিকাংশ ক্ষেত্রে হেডমাষ্টারের অনুগত থাকেন যা পক্ষান্তরে বলা যায়, তিনি পুতুল সদস্যের ভূমিকায় অবতীর্ণ হন। কোন কোন ক্ষেত্রে অশিক্ষিত বা অতি স্বল্প শিক্ষিত ব্যক্তিও শিক্ষানুরাগী সদস্য হয়ে যান। এটা কোন অবস্থাতেই কারো কাম্য হতে পারে না। তালিকা প্রেরণের এবং সে অনুযায়ী মনোনয়ন প্রদানের জন্য সুস্পষ্ট নীতিমালা থাকা প্রয়োজন। যেমন (১) তালিকা প্রেরণে নামের আদ্যাক্ষর বা বয়স ইত্যাদি অনুসরণ করা যেতে পারে। (২) মনোনয়নের ব্যাপারে ব্যক্তিগত শিক্ষা ও অন্য গুণাবলীকে প্রাধান্য দেয়া উচিত। তা হলে অনেক অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি থেকে মুক্ত থাকা যাবে। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**ইমদাদ সিয়াধার,**
মোহনগঞ্জ, নেত্রকোনা।